দৈনিক [illegible]

তারিখ ০১ DEC 2016
পৃষ্ঠা ০২ কলাম ৪

আত্মহত্যায় প্ররোচনা

# রাবি শিক্ষক আতিকুর সাময়িক বরখাস্ত

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ● রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক আকতার জাহান জলির আত্মহত্যায় প্ররোচনার মামলায় গ্রেপ্তার হওয়া একই বিভাগের সহকারী অধ্যাপক আতিকুর রহমানকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। গত মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রভাষক মামুন আবদুল কাইউম জানান, সরকারি চাকরির বিধিমালার এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

## রাবি শিক্ষক আতিকুর সাময়িক বরখাস্ত

(শেষ পৃষ্ঠার পর) আলোকে কোনো শিক্ষক ফৌজদারি মামলায় গ্রেপ্তার থাকলে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। সিন্ডিকেট সভায় এ বিষয়টি বিবেচনা করে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এর আগে চলতি বছরের ৫ নভেম্বর আকতার জাহান জলির আত্মহত্যায় প্ররোচনার মামলায় আতিকুর রহমনকে গ্রেপ্তার করে পুলিশ। সে সময় পুলিশ দাবি করে, আকতার জাহানের সঙ্গে আতিকুর রহমানের ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। আকতার জাহানের মৃত্যুর ঘটনায় তার সংশ্লিষ্টতার বিভিন্ন তথ্য-প্রমাণ পাওয়া গেছে। তিনি চাইলেই আকতার জাহানকে মৃত্যুর হাত থেকে রক্ষা করতে পারতেন।

যৌন হয়রানির অভিযোগ তদন্তে পুনরায় কমিটি : আকতার জাহান জলির সাবেক স্বামী এবং রাবির গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক তানভীর আহমদের বিরুদ্ধে ওঠা যৌন হয়রানির অভিযোগ তদন্ত থেকে সরে এসেছে বিশ্ববিদ্যালয়ের যৌন হয়রানি ও নিপীড়ন নিরোধ কমিটি। তবে অভিযোগ তদন্তে নতুন একটি কমিটি গঠন করা হয়েছে। গত মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় নতুন কমিটিকে দায়িত্ব দিয়ে তাদের দ্রুত প্রতিবেদন দিতে বলা হয়েছে।

একজন সিন্ডিকেট সদস্য জানান, শিক্ষক আকতার জাহানের মৃত্যুর পর তানভীর আহমদের বিরুদ্ধে ওঠা যৌন হয়রানিসহ বিভিন্ন অভিযোগ তদন্তের দায়িত্ব দেওয়া যৌন হয়রানি ও নিপীড়ন নিরোধ কমিটি তাদের প্রতিবেদন জমা দিয়েছে।